ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৮৪
আগরতলা,৫ জুলাই,২০২৫

## **খার্চি উৎসবে সাংস্কৃতিক অনুষ্ঠান**

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং খার্চি মেলা আয়োজক কমিটির উদ্যোগে খার্চি উৎসবের তৃতীয় দিনে কৃষ্ণমালা ও হাবেলি মঞ্চে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ঊনকোটি জেলা এবং পশ্চিম জেলার অন্তর্গত বিভিন্ন সাংস্কৃতিক দলের শিল্পী সহ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সংগীত, নৃত্য, বেহালাবাদন, ভক্তিমূলক সঙ্গীত, কীর্তন, পালাকীর্তন, সমবেত সংগীত, সমবেত নৃত্য, সমবেত আবৃত্তি, একক সংগীত পরিবেশন করেন। এছাড়া পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের জিরানীয়া শাখার উদ্যোগে সচেতনতামূলক নাটক পরিবেশিত হয়। ই.জেড.সি.সি.-র সহায়তায় কলকাতা থেকে আগত লোক সংগীত শিল্পী সাইনি গাঙ্গুলি আজ সন্ধ্যায় কৃষ্ণমালা মঞ্চে সংগীত পরিবেশন করেন।

*****